# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
চট্টগ্রাম পানি উন্নয়ন বিভাগ-১
বাপাউবো, চট্টগ্রাম।
☎ ০২৩৩৪৪৫৩৫৭২
e-mail: exen_chittdiv1.bwdb@yahoo.com

Office of the Executive Engineer
Chittagong WD Division-I
BWDB, Bahadderhat,
Chittagong-4212.
☎ 02334453572
e-mail: exen_chittdiv1.bwdb@yahoo.com

স্মারক নং:

তারিখঃ ৩০/০৬/২০২৬খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীন কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে **২০২৬-২০২৭** অর্থ বছরের জন্য ঠিকাদার/ সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহের তালিকাভূক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখ: ২০/০৭/২০২০ খ্রি. মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন ফরম এর মূল্য পরিশোধ সাপেক্ষে হিসাব শাখা হতে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে তালিকা ভূক্তির ফরম বিতরণ ও গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

**১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি আবেদনের ফরম বিতরণ ও গ্রহণের তফসিলঃ**

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ধরন | আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ | আবেদন ফরম বিতরণের সর্বশেষ তারিখ | তালিকাভূক্তির আবেদন জমাদানের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য/পণ্য) | ০২ জুলাই, ২০২৬ খ্রি. | ৩১ আগস্ট, ২০২৬ খ্রি. | ৩১ আগস্ট, ২০২৬ খ্রি. |

**২। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়নের তফসিল:**

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ধরন | তালিকাভূক্তির নবায়ন আরম্ভের তারিখ | নিবন্ধন বহি জমাদান ও তালিকাভূক্তি নবায়নের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|
| ০১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য/পণ্য) | ০২ জুলাই, ২০২৬ খ্রি. | ৩১ আগস্ট, ২০২৬ খ্রি. |

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ**

| ক্রমিক নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ০১ | আবেদনের যোগ্যতা | (১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স; ২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট; (৩) ২৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি/ বিবরণী; (৪) জাতীয় পরিচয় পত্র; (৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি; (৬) ঠিকাদারী প্রতিষ্ঠানের ৩০০.০০ (তিনশত) টাকার স্ট্যাম্পের অঙ্গিকারনামা; (৭) অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী পূরণ করতে হবে। |
| ০২ | আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট **উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম** এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদন পত্র সংগ্রহ করতে হবে। |
| ০৩ | তালিকাভূক্তির নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা মাত্র এবং সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকার পৃথক ০২(দুই)টি অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট **উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম** এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |
| ০৪ | নবায়ন ফি | নবায়ন ফি ২,০০০.০০ (দুই হাজার) টাকা মাত্র এবং সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০.০০ (তিনশত) টাকার পৃথক ০২(দুই)টি অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট **উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম** এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

০৩। তালিকাভূক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে কমিটি কর্তৃক মূল্যায়নের পর নিবন্ধন বহি ইস্যু করা হবে।

০৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহির শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভূক্তি নবায়ন করা যাবে।

উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরকে ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভূক্তির আবেদনপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতাবান।

(শওকত ইবনে সাহীদ)
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পরিচিতি নং- ৯৩০১০১০১২

স্মারক নং- ৪২.০২.২৫০৪.০০০.৫৬৭.০২.০০০২.২৬/৪৭৭৫/১(২০) তারিখঃ ৩০/০৬/২০২৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় দৈনিক এবং একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাপাউবো ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম।
৮। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক, অত্র দপ্তর।
৯। হিসাব শাখা/প্রশাসনিক শাখা, অত্র দপ্তর।
১০। অফিস কপি।

(শওকত ইবনে সাহীদ)
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নং- ৯৩০১০০১২